দৈনিক বাংলা

তারিখ 7 NOV 1988
পৃষ্ঠা 9 কলাম 2

042

## রাজশাহী সেমিনারে আলোচনা

# মাধ্যমিক শিক্ষাস্তরের ৬০ ভাগ শিক্ষকের প্রশিক্ষণ নেই

(নিজস্ব সংবাদদাতা)

রাজশাহী ৫ই নবেম্বর।—দেশে মাধ্যমিক স্তরের শিক্ষা ব্যবস্থায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা অত্যন্ত নগণ্য। এই স্তরে কার্যরত শতকরা প্রায় ৬০ জন শিক্ষকেরই কোন প্রশিক্ষণ নেই।

গত ৩০শে অক্টোবর রাজশাহীতে অনুষ্ঠিত 'শিক্ষার মান উন্নয়নে শিক্ষক ও প্রশিক্ষণের ভূমিকা' শীর্ষক একটি সেমিনারের প্রবন্ধ থেকে এ তথ্য জানা গেছে।

রাজশাহী টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ জনাব গিয়াসউদ্দীন আহম্মদ পঠিত এ প্রবন্ধে যে সব বিষয় আলোচিত হয়েছে তা হলো দেশের বর্তমান শিক্ষাক্রমের বিষয়বস্তুতে কর্ম অভিজ্ঞতার সুযোগ-সুবিধা অত্যন্ত কম। ফলে দেশে স্বাক্ষরতার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে বটে কিন্তু মানুষ সম্পদে পরিণত হচ্ছে খুব কম। এ ছাড়া শিক্ষার নিম্নস্তরে বিষয়বস্তুর বোঝা অনেক বেশী। এ কারণে শিশুরা পড়াশোনায় উৎসাহ হারিয়ে ফেলছে। পরীক্ষা পদ্ধতির চারপাশে আমাদের শিক্ষা ব্যবস্থা ঘুরপাক খাচ্ছে।

সুশিক্ষার্থী তৈরি কেবল সুশিক্ষকই করতে পারেন তাই দেশে শিক্ষক প্রশিক্ষণের জন্য ঢাকার বাইরে কয়েকটি শিক্ষা ও গবেষণা একাডেমীর মত একাডেমী খোলা প্রয়োজন।

সেমিনারের বই পর্বে সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদফতরের পরিচালক (মাধ্যমিক শিক্ষা) ডঃ মোজাম্মেল হক।